



# বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

## BANGLADESH RED CRESCENT SOCIETY

(Established by the President's Order No. 26 of 1973 as an auxiliary to the Government)

**National Headquarters**

Mr. Pokus  
22/11

স্মারক নং: ইউ.এ-০০৭/১৮  
তারিখ: ২২ নভেম্বর, ২০১৮

### দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” উপলক্ষে ৬০০ কপি কার্যবিবরণী বই (বাঁধাইযুক্ত) মুদ্রণ ও সরবরাহের জন্য সোসাইটির তালিকাভুক্ত মুদ্রণ প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে:

১. অত্র দফতর হতে প্রদর্শিত ও সরবরাহকৃত নমুনা অনুযায়ী সোসাইটির “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” এর কার্যবিবরণী বই (বাঁধাইযুক্ত) কভার বাদে ১৪ (±) ফর্মা ১১২ পৃষ্ঠার ৬০০ (ছয়শত) টি বই আকারে মুদ্রণ করতে হবে।
২. ১২০ গ্রাম গ্লোসি কাগজে, ৭.০০ X ৯.৫০ সাইজে। ১৪ ফর্মা (±) ৪ রং মুদ্রণ। ৩০০ গ্রাম আর্ট কার্ডে ৪ রং-এ উভয়দিকে কভার মুদ্রণ, মেট ও স্পট লেমিনেশন, জুস সেলাইসহ অটো গ্লু বাঁধাই হতে হবে। ৬০০ (ছয়শত) বইয়ের প্রতিটি পৃষ্ঠায় ক্রমিক নম্বর থাকতে হবে।
৩. কার্যবিবরণী বই এর টেক্সট প্রাপ্তির ২০ দিনের মধ্যে উল্লিখিত মালামাল অফিস চলাকালিন সময়ে নিজ খরচে অত্র দফতরে পৌঁছাতে হবে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ে আপনি মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে এ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে।
৪. মুদ্রিত কার্যবিবরণী বই সরবরাহ করার পর অত্র দফতর কর্তৃক সরবরাহকৃত নমুনা অনুযায়ী এবং ২নং ক্রমিকে বর্ণিত কাগজের পরিমাপ, ডিজাইন, রং, সাইজ, মুদ্রণ, ইত্যাদি সঠিক বলে বিবেচিত হলে সরবরাহকৃত মালামাল গ্রহণ করা হবে।
৫. দরপত্রে দাখিলকৃত দর অনুযায়ী সোসাইটি “৪৬তম বার্ষিক সাধারণ সভা-২০১৮” এর কার্যবিবরণী বই (বাঁধাইযুক্ত) সরবরাহের পর বিল প্রাপ্তি সাপেক্ষে সোসাইটির অর্থ বিভাগ থেকে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।
৬. দরদাতাগণ নিজস্ব লেটার হেড প্যাডে দর উদ্ধৃতপূর্বক আগামী ২৭/১১/২০১৮ তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে সীলগালাকৃত খামে দরপত্র জমা দেয়া যাবে এবং একই দিনে বিকাল ৩.৩০ টার সময় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
৭. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ নূর ইসলাম খান  
পরিচালক,  
ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)

ও

আহ্বায়ক

কার্যবিবরণী সম্পাদনা ও মুদ্রণ কমিটি ২০১৮

অনুলিপি :

১. পরিচালক, আইআর এণ্ড কমিউনিকেশন, দরপত্রটি সোসাইটির ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২. পরিচালক, লজিস্টিক, দরপত্রটি সোসাইটির তালিকাভুক্ত মুদ্রণ প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. পরিচালক, অর্থ, বিডিআরসিএস, ঢাকা।
৪. সদস্যবৃন্দ,..... কার্যবিবরণী মুদ্রণ কমিটি, বিডিআরসিএস, ঢাকা।
৫. পিএস টু চেয়ারম্যান, বিডিআরসিএস, ঢাকা- মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. পিএস টু ড্রিজারার, বিডিআরসিএস, ঢাকা-মাননীয় ড্রিজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. পিএস টু মহাসচিব, বিডিআরসিএস, ঢাকা- মহাসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. পিএস টু উপ-মহাসচিব, বিডিআরসিএস, ঢাকা- উপ-মহাসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. সংশ্লিষ্ট নথি।

C:\Users\User\Desktop\Tender AGM meeting minutes 2018.doc

